বাংলাদেশ কৃষি ব্যাংক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৭৪০২৫
৯৫৬০০৩১-৩৫/২২৫০
ইমেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

নং - প্রকা শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৯-২০২০/৫৭০(১২৫০) তারিখ : ২৩.১০.২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা
০৩। উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : **ব্যাংক হিসাব পরিচালনায় কতিপয় দিক নির্দেশনা প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের ০৩.১০.২০১৯ তারিখের পত্র নং ৪৭. ৬২.০০০০. ৯৮১. ০২. ০১৫. ১৯. ২৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী "** শীর্ষক প্রকল্পের আওতায় দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন ও অপ্রধান শস্য আমদানি নির্ভরতা কমানো এবং দেশকে অপ্রধান শস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার লক্ষ্যে আর্থিক লেনদেনের নিমিত্ত অত্র ব্যাংকে হিসাব পরিচালনার উদ্যোগ গ্রহন করেছে।

০৩। আলোচ্য প্রকল্পের আওতায় প্রকল্পের নামে হিসাব খোলাসহ প্রকল্পের সুবিধাভোগী দরিদ্র কৃষক জনগোষ্ঠীর নামে ব্যাংক বিধি মোতাবেক **"নো ফ্রিল হিসাব"** এর মাধ্যমে সঞ্চয়ী হিসাব খুলে সংযুক্ত পত্রের "ক্রমিক ১,২ ও ৪"এর চাহিদা পূরণের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে কাঙ্খিত সেবা প্রদানের জন্য পরামর্শ প্রদান করা হলো।

০৪। সংযুক্ত পত্রের কাঙ্খিত নির্দেশনা "ক্রমিক ৩ "এর চাহিদা মোতাবেক হিসাব খাত হতে আয়কর, আবগারী শুল্ক, ভ্যাট কর্তন না করার সিদ্ধান্তের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের এখতিয়ারাধীন। বিআরডিবি কর্তৃপক্ষ **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"** শীর্ষক প্রকল্পের নামে খোলা মূল হিসাব হতে আয়কর, আবগারী শুল্ক, ভ্যাট কর্তন না করার পক্ষে নির্দেশনা সংগ্রহ করে অত্র ব্যাংকে দাখিল করার পর কর্তন বন্ধ সংক্রান্ত নির্দেশনা জারী করা হবে।

০৫। এমতাবস্থায়, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন **"দারিদ্র বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী"** শীর্ষক প্রকল্পের আর্থিক লেনদেন সংক্রান্ত সকল কর্মকান্ডে অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

সংযুক্তি : বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

২৩/১০/২০১৯

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং - প্রকা শানিব্যউবি-১(২৭)অংশ-২/২০১৯-২০২০/৫৭০(১২৫০) তারিখ : ২৩.১০.২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, মহাপরিচালক,বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী ভবন, ৫ কাওরান বাজার,ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, মিরপুর, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। - ***উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।***
০৭। সকল বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয়/আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

২৩/১০/১৯

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নম্বর...৩৮০...তারিখ ঃ
সহকারী মহাব্যবস্থাপক ঃ ১ / ২ / ৩
উপ-মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ১৪৪৫ তারিখ ঃ ০৭.১০.১৯
জিএম OP
ডিজিএম
ব্যবস্থাপনা পরিচালক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- ২৭৭ তাং-০৭.১০.১৯
ডিজিএম. BCBD
স্টাফ অফিসার
মহাব্যবস্থাপক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চমূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী

পল্লী ভবন(৭ম তলা)

৫-কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০১৫.১৯.২৭

তারিখ: ৩ অক্টোবর, ২০১৯ খ্রিঃ।

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

বিষয়: ব্যাংক হিসাব পরিচালনায় কতিপয় দিক নির্দেশনা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী" শীর্ষক প্রকল্পটি পল্লীর দরিদ্র জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন ও অপ্রধান শস্য আমদানি নির্ভরতা কমানো এবং দেশকে অপ্রধান শস্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ করার জন্য বর্তমান সরকারের একটি মহৎ প্রয়াস। আর সরকারের এ মহৎ প্রয়াস সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্ত দরিদ্র কৃষক জনগোষ্ঠিকে প্রকল্পের সুযোগ-সুবিধাসমূহ দোড়গোড়ায় পৌছানোর জন্য "বাংলাদেশ কৃষি ব্যাংক" ও "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক" এ হিসাব পরিচালনার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বিআরডিবি'র জেলা ও উপজেলা দপ্তরে এ প্রকল্পের জন্য "বাংলাদেশ কৃষি ব্যাংক" ও "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক" এর শাখায় এ হিসাব খোলার প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। মাঠ পর্যায়ে ব্যাংক হিসাব পরিচালনা ও আর্থিক লেনদেনের ক্ষেত্রে বেশকিছু শাখায় কতিপয় সমস্যা দেখা দেয়ায় প্রকল্পের এ হিসাবসমূহ পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান কার্যালয় হতে শাখাসমূহে কতিপয় নির্দেশনা প্রদান করা করা প্রয়োজন।

কাঙ্খিত নির্দেশনাসমূহ নিম্নে উল্লেখ করা হলো:

১। জেলা ও উপজেলা দপ্তরসমূহের জন্য এ প্রকল্পের ব্যাংক হিসাব চালু করার সময় কোন অর্থ গ্রহন না করে হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা করা।

২। প্রকল্পের সুফলভোগী দলের সদস্যগণ কৃষক হওয়ায়, তাদেরকে ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার ব্যবস্থাকরণ।

৩। এডিপিভূক্ত প্রকল্পের সরকারি অর্থ বিধায় প্রকল্পটির ব্যাংক হিসাব হতে আয়কর, ভ্যাট ও অন্যান্য কর্তন না করা।

৪। সকল শাখায় প্রতি মাসে বিনামূল্যে প্রয়োজন মাফিক স্টেটমেন্ট সরবরাহ।

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে প্রকল্পটির কাজে গতিশীলতা আনয়ন এবং "বাংলাদেশ কৃষি ব্যাংক" ও "রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক" এর সেবাসমূহ জনগনের দোর গোড়ায় পৌঁছানোর লক্ষ্যে বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুরোধ জানানো হলো।

৩/১০/১৯

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
মহাপরিচালক
ফোন-০২৮১৮০০০২
Email: dg@brdb.gov.bd

নম্বর: ৪৭.৬২.০০০০.৯৮১.০২.০১৫.১৯.২৭

তারিখ: ৩ অক্টোবর, ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি ব্যাংক, কৃষি ব্যাংক ভবন, ৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

২। ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার কর্পোরেট শাখা, ঢাকা।

৩। অফিস নথি।

০৩/১০/১৯

(মোঃ তাফজেল হোসেন)
প্রকল্প পরিচালক
ফোন: ০২ ৮১৮০০৪৬
01718849959